# নয়া দিগন্ত



সনদপত্র পাওয়া শিক্ষার্থীরাসহ অতিথিদের সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান

## ঢাবি 'পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন জেনোসাইড স্টাডিজ'-এর সনদ বিতরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর জেনোসাইড স্টাডিজ পরিচালিত 'পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন জেনোসাইড স্টাডিজ' কোর্সের ১২তম ব্যাচের শিক্ষার্থীদের সনদপত্র বিতরণী অনুষ্ঠান গতকাল উচ্চতর মানবিক ও সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে ৪র্থ পৃঃ ৩-এর কলামে

### ঢাবি 'পোস্ট গ্র্যাজুয়েট

৩য় পৃষ্ঠার পর

প্রধান অতিথি কোর্সে অংশগ্রহণকারীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন।

সেন্টার ফর জেনোসাইড স্টাডিজের পরিচালক অধ্যাপক ড. এ এস এম আলী আশরাফের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বিশেষ অতিথির বক্তব্য রাখেন। এ সময় উচ্চতর মানবিক ও সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. আশফাক হোসেন এবং ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের পরিচালক অধ্যাপক ড. এম রেজাউল ইসলাম উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে দু'জন বিদেশী শিক্ষার্থীসহ মোট ১৭ জন শিক্ষার্থীকে সনদপত্র দেয়া হয়।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান কোর্সে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের অভিনন্দন জানান। শিক্ষার্থীরা এই কোর্স থেকে অর্জিত জ্ঞান পেশাগত জীবনে যথাযথভাবে কাজে লাগাবেন এবং দেশের সার্বিক আর্থসামাজিক উন্নয়নে ভূমিকা রাখবেন বলে তিনি আশা প্রকাশ করেন। বিজ্ঞপ্তি।

# আলোকিত বাংলাদেশ




## ‘বাঁধন’ ২৭ বছর পূর্তি উদযাপন

● আলোকিত ডেস্ক

স্বেচ্ছায় রক্তদাতাদের সংগঠন ‘বাঁধন’-এর ২৭ বছর পূর্তি উদযাপন করা হয়েছে। এ উপলক্ষ্যে গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র থেকে ক্যাম্পাসে এক বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটেন এবং বেলুন উড়িয়ে র‍্যালির উদ্বোধন করেন। বাঁধন ফাউন্ডেশনের সভাপতি রকীব আহমেদ, বাঁধন কেন্দ্রীয় পরিষদের সভাপতি শামীম গাজী ও সাধারণ সম্পাদক শাকিল আহমেদ, বাঁধন ঢাকা বিশ্ববিদ্যালয় জোনের সভাপতি শরিফ আহমেদ ও সাধারণ সম্পাদক মো. নূর উদ্দিনসহ বিভিন্ন জোনের নেতৃবৃন্দ র‍্যালিতে অংশ নেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, স্বেচ্ছায় রক্তদান কর্মসূচিসহ বিভিন্ন

এরপর পৃষ্ঠা ১১ কলাম ৪

## বাঁধন’ ২৭ বছর পূর্তি

● শেষ পৃষ্ঠার পর

সেবামূলক কার্যক্রম পরিচালনার মাধ্যমে বাঁধনের সদস্যরা সমাজে একটি অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন। বাঁধনের এই দৃষ্টান্ত অনুসরণ করে মানবতার সেবায় এগিয়ে আসার জন্য উপাচার্য সকলের প্রতি আহ্বান জানান। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠিত হওয়া ‘বাঁধন’ ১৯৯৭ সাল থেকে আর্তমানবতার সেবায় কাজ করে যাচ্ছে। দেশের ৫৪টি জেলার ৭৮টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে এই সংগঠনের স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি পরিচালিত হচ্ছে।

# কালের কণ্ঠ




স্বেচ্ছায় রক্তদাতাদের সংগঠন বাঁধনের ২৭ বছর পূর্তি উপলক্ষে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শোভাযাত্রা বের করা হয়। ছবি : কালের কণ্ঠ

## ভোরের কাগজ




ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগ এবং বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতির যৌথ উদ্যোগে গতকাল প্রাণিবিদ্যা বিভাগের মিলনায়তনে আয়োজিত এক সেমিনারে বক্তব্য রাখেন জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতার হোসেন খান –বিজ্ঞপ্তি

### ঢাকা বিশ্ববিদ্যালয় 'ডেঙ্গু ইন মেগাসিটিজ অব বাংলাদেশ' শীর্ষক সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণিবিদ্যা বিভাগ এবং বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতির যৌথ উদ্যোগে 'ডেঙ্গু ইন মেগাসিটিজ অব বাংলাদেশ' শীর্ষক এক সেমিনার গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।

এতে সভাপতিত্ব করেন, প্রাণিবিদ্যা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. শেফালী বেগম। জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতার হোসেন খান প্রধান অতিথি হিসেবে সেমিনারে বক্তব্য রাখেন।

বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতির সভাপতি অধ্যাপক ড. হামিদা খানম ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. ছগীর আহমেদসহ শিক্ষক, গবেষক এবং শিক্ষার্থীরা সেমিনারে অংশ নেন। –বিজ্ঞপ্তি

## আজকালের খবর

### ঢাবিতে 'ডেঙ্গু ইন মেগাসিটিজ অব বাংলাদেশ' শীর্ষক সেমিনার

● নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) প্রাণিবিদ্যা বিভাগ এবং বাংলাদেশ প্রাণিজ্ঞিান সমিতির যৌথ উদ্যোগে 'ডেঙ্গু ইন মেগাসিটিজ অব বাংলাদেশ' শীর্ষক সেমিনার গতকাল বৃহস্পতিবার প্রাণিবিদ্যা বিভাগের মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। প্রাণিবিদ্যা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. শেফালী বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতার হোসেন খান প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতির সভাপতি অধ্যাপক ড. হামিদা খানম ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. ছগীর আহমেদসহ শিক্ষক, গবেষক এবং শিক্ষার্থীরা সেমিনারে অংশ নেন। বিজ্ঞপ্তি

## জনকণ্ঠ

### সাত কলেজের সমস্যা নিরসনে শিক্ষা মন্ত্রণালয়ের কমিটি

জনকণ্ঠ ডেস্ক ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাতটি কলেজের একাডেমিক ও প্রশাসনিক সমস্যা নিরসনে একটি কমিটি গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবকে (কলেজ অনুবিভাগ) সভাপতি করে বৃহস্পতিবার ১৩ সদস্যের এই কমিটি গঠন করা হয়।

বাংলাদেশ বিশ্বখিদ্যালয়ের মঞ্জুরি কমিশনের প্রতিনিধি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের প্রতিনিধি, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের প্রতিনিধি এবং শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিবকে (বিশ্ববিদ্যালয় অধিশাখা-২) কমিটির সদস্য করা হয়েছে।

এ ছাড়া, ঢাকা কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, সরকারি তিতুমীর কলেজ, সরকারি বাঙলা কলেজ, ইডেন মহিলা কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজের অধ্যক্ষকেও কমিটিতে রাখা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব (সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা) কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।

## দেশ রুপান্তর

### সাত কলেজের সমস্যা নিরসনে ১৩ সদস্যের কমিটি

**নিজস্ব প্রতিবেদক**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্ত রাজধানীর সরকারি সাত কলেজের একাডেমিক ও প্রশাসনিক সমস্যা নিরসনে একটি কমিটি গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল বৃহস্পতিবার মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (কলেজ অনুবিভাগ) মোহাম্মদ খালেদ রহীমকে আহ্বায়ক এবং উপসচিব (সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয়) শাহীনুর ইসলামকে সদস্য সচিব করে ১৩ সদস্যের এই কমিটি গঠন করা হয়েছে।

কমিটিতে সদস্য হিসেবে রয়েছেন– বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের একজন প্রতিনিধি; ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্যের একজন প্রতিনিধি; জাতীয় বিশ্ববিদ্যালয় উপাচার্যের একজন প্রতিনিধি; মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের যুগ্ম সচিব (বিশ্ববিদ্যালয় অধিশাখা-২) নুমেরী জামান এবং ঢাকা কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, সরকারি তিতুমীর কলেজ, সরকারি বাঙলা কলেজ, ইডেন মহিলা কলেজ, কবি নজরুল সরকারি কলেজ ও সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজের অধ্যক্ষ। কমিটির কার্যপরিধিতে বলা হয়েছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাততি কলেজের একাডেমিক ও প্রশাসনিক সমস্যা চিহ্নিতকরণ; চিহ্নিত সমস্যা নিরসনকল্পে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন। এ কমিটি আগামী ছয় সপ্তাহের মধ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন করে কাজের সুবিধার্থে প্রয়োজনীয়সংখ্যক সদস্য

## যুগান্তর

### সাত কলেজের সমস্যা সমাধানে কমিটি গঠন

**যুগান্তর প্রতিবেদন**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্ত রাজধানীর সরকারি সাত কলেজের একাডেমিক ও প্রশাসনিক সমস্যা সমাধানে ১৩ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়। কমিটিকে ৬ সপ্তাহের মধ্যে প্রয়োজনীয় সুপারিশ দিতে বলা হয়েছে। বৃহস্পতিবার মন্ত্রণালয়ের উপসচিব শাহীনুর রহমানের স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে জানানো হয়—গঠিত কমিটির আহ্বায়ক করা হয়েছে অতিরিক্ত সচিব (কলেজ অনুবিভাগ) মোহাম্মদ খালেদ রহীমকে আর সদস্য সচিব উপসচিব শাহীনুর রহমান। কমিটিতে সদস্য হিসাবে রয়েছেন—বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের একজন প্রতিনিধি; ঢাবি উপাচার্যের একজন প্রতিনিধি; জাতীয় বিশ্ববিদ্যালয় উপাচার্যের একজন প্রতিনিধি; মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের যুগ্মসচিব (বিশ্ববিদ্যালয় অধিশাখা-২) নুমেরী জামান এবং ঢাকা কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, সরকারি তিতুমীর কলেজ, সরকারি বাঙলা কলেজ, ইডেন মহিলা কলেজ, কবি নজরুল সরকারি কলেজ ও সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজের অধ্যক্ষ।

## আজকের কাগজ

### সাত কলেজের সমস্যা সমাধানে কমিটি গঠন

**নিজস্ব প্রতিবেদক**, ঢাকা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্ত রাজধানীর সরকারি ৭ কলেজের একাডেমিক ও প্রশাসনিক সমস্যা সমাধানে ১৩ সদস্যের কমিটি গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়। কমিটিকে আগামী ৬ সপ্তাহের মধ্যে প্রয়োজনীয় সুপারিশ দিতে বলা হয়েছে।

গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব (সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা) মো. শাহীনুর রহমান স্বাক্ষরিত অফিস আদেশে কমিটি গঠনের কথা বলা হয়েছে। এদিকে সাত কলেজের অন্যতম সরকারি তিতুমীর কলেজের শিক্ষার্থীরা তাঁদের প্রতিষ্ঠানকে বিশ্ববিদ্যালয় করার দাবিতে মহাখালীতে কয়েক ঘণ্টা সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন।

শিক্ষা মন্ত্রণালয়ের অফিস আদেশের তথ্য বলছে, কলেজগুলোর সমস্যা সমাধানে গঠিত কমিটির আহ্বায়ক অতিরিক্ত সচিব (কলেজ অনুবিভাগ) মোহাম্মদ খালেদ রহীম আর সদস্য সচিব উপসচিব মো. শাহীনুর রহমান।

**তিতুমীরের শিক্ষার্থীদের অবরোধ**

রাজধানীর সরকারি তিতুমীর কলেজকে বিশ্ববিদ্যালয় করার দাবিতে গতকাল মহাখালীতে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন প্রতিষ্ঠানটির শিক্ষার্থীরা।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা বলেন, বেলা ১১টা থেকে কলেজ ক্যাম্পাসে জড়ো হতে থাকেন শিক্ষার্থীরা। দুপুর ১২টার দিকে মহাখালীর আমতলীতে গিয়ে বেলা ১টা পর্যন্ত সড়ক অবরোধ করে রাখেন।

## প্রথম আলো

### ৭ কলেজের সমস্যা নিরসনে কমিটি

**বিশেষ প্রতিবেদক**, ঢাকা

জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত হওয়া সাতটি সরকারি কলেজের শিক্ষা ও প্রশাসনিক সমস্যা নিরসনে একটি কমিটি গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়।

গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিবকে (কলেজ) সভাপতি করে এই কমিটি গঠন করা হয়েছে।

সাত কলেজের সমন্বয়ে একটি পূর্ণাঙ্গ স্বায়ত্তশাসিত পাবলিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবিতে এখন আন্দোলন কর্মসূচি পালন করছেন এসব কলেজের শিক্ষার্থীরা। এ অবস্থায় এই কমিটি করল সরকার। কমিটিকে ছয় সপ্তাহের মধ্যে তা করতে বলা হয়েছে।

## কালবেলা

### সাত কলেজের সমস্যা নিরসনে ১৩ সদস্যের কমিটি গঠন

**কালবেলা প্রতিবেদক** »

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) অধিভুক্ত রাজধানীর সরকারি সাত কলেজের একাডেমিক ও প্রশাসনিক সমস্যা নিরসনে একটি কমিটি গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (কলেজ অনু বিভাগ) মোহাম্মদ খালেদ রহীমকে আহ্বায়ক এবং উপসচিব (সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয়) শাহীনুর ইসলামকে সদস্য সচিব করে ১৩ সদস্যের এই কমিটি গঠন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার মন্ত্রণালয় এ কমিটি গঠন করে। কমিটিকে আগামী ছয় সপ্তাহের মধ্যে প্রয়োজনীয় সুপারিশ দিতে বলা হয়েছে। কমিটিতে সদস্য হিসেবে রয়েছেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের যুগ্ম সচিব (বিশ্ববিদ্যালয় অধিশাখা-২) নুমেরী জামান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের একজন প্রতিনিধি, ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্যের একজন প্রতিনিধি, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের একজন প্রতিনিধি এবং ঢাকা কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, সরকারি তিতুমীর কলেজ, সরকারি বাঙলা কলেজ, ইডেন মহিলা কলেজ, কবি নজরুল সরকারি কলেজ ও সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজের অধ্যক্ষ।

কমিটির কার্যপরিধিতে বলা হয়েছে, এই কমিটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাততি কলেজের একাডেমিক ও প্রশাসনিক সমস্যা আগামী ছয় সপ্তাহের মধ্যে চিহ্নিতকরণ এবং চিহ্নিত সমস্যা নিরসনকল্পে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন করবে এবং কাজের সুবিধার্থে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করতে পারবে।